Chapter 4
(স্মার্ট মোবাইল ফোন মেরামত ও সার্ভিসিং)

অতি সংক্ষিপ্ত প্রশ্ন

১. স্মার্ট মোবাইল ফোন কী?
স্মার্ট মোবাইল ফোন একটি বহনযোগ্য ডিভাইস যা মোবাইল টেলিফোন ও কম্পিউটিং ফাংশনগুলোকে এক ইউনিটে একত্রিত করে।

২. স্মার্ট মোবাইল ফোনের সুবিধা কী?
স্মার্ট মোবাইল ফোন অপারেটিং সিস্টেম, ওয়েব ব্রাউজিং ও সফটওয়্যার অ্যাপ্লিকেশন ইত্যাদি টাচ স্ক্রিন ইন্টারফেস এর সাহায্য পরিচালনা করে।

Made By
Jalal Ahmed Rayhan
Instructor (tech) Electronics
Baniachong Govt. Technical School & College
Baniachong, Habiganj

৩. স্মার্ট মোবাইল ফোনে কি ধরনের টাচস্ক্রীন ব্যবহার করা হয়?
স্মার্ট মোবাইল ফোনে LCD বা LED ডিসপ্লে এর উপর ক্যাপাসিটিভ টাচ স্ক্রিন ব্যবহার করা হয়।

৪. স্মার্ট মোবাইল ফোনে আল্ট্রাওয়াইড ক্যামেরা কী কাজে ব্যবহার করা হয়।
স্মার্ট মোবাইল ফোনে আল্ট্রাওয়াইড ক্যামেরা ছবি তোলা ও ভিডিও ধারণ করার কাজে ব্যবহার করা হয়।

৫. স্মার্ট মোবাইল ফোনে টেলিফটো লেন্স কী কাজে ব্যবহার করা হয়?
স্মার্ট মোবাইল ফোনে টেলিফটো লেন্স বেশি দূরত্বের ছবিকে জুম করে দেখার কাজে ব্যবহার করা হয়।

৬. স্মার্ট মোবাইল ফোনের ম্যাক্রো ক্যামেরা কী কাজে ব্যবহার করা হয়?
স্মার্ট মোবাইল ফোনের ম্যাক্রো ক্যামেরা স্বল্প দূরত্বের ছবি তোলার কাজে ব্যবহার করা হয়।

Made By
Jalal Ahmed Rayhan
Instructor (tech) Electronics
Baniachong Govt. Technical School & College
Baniachong, Habiganj

৭. স্মার্ট মোবাইল ফোনে কী ধরনের সিম কার্ড সকেট ব্যবহার করা হয়?
স্মার্ট মোবাইল ফোনে ন্যানো সিম কার্ড সকেট ব্যবহার করা হয়।

৮. ফাস্ট চার্জারের কাজ কী?
ফাস্ট চার্জারের কাজ হলো অল্প সময়ের মধ্যে ব্যাটারি সম্পূর্ণভাবে চার্জ করা।

৯. স্মার্ট মোবাইল ফোনে সাধারণত কত ওয়াটের ফাস্ট চার্জার ব্যবহার করা হয়?
স্মার্ট মোবাইল ফোনে সাধারণত ১৫-৬৫ ওয়াটের ফাস্ট চার্জার ব্যবহার করা হয়।

১০. স্মার্ট মোবাইল ফোনে ব্যাটারি সাধারণত কত ক্যাপাসিটি হয়?
স্মার্ট মোবাইল ফোনে ব্যাটারি সাধারণত ৩০০০-৭০০০ mAh ক্যাপাসিটির হয়।

Made By
Jalal Ahmed Rayhan
Instructor (tech) Electronics
Baniachong Govt. Technical School & College
Baniachong, Habiganj

সংক্ষিপ্ত প্রশ্ন

১১. স্মার্ট মোবাইল ফোনের বিভিন্ন সেকশনের নাম লেখ।

স্মার্ট মোবাইল ফোনের বিভিন্ন সেকশনের নাম নিম্নরুপ-

১. টাচ স্ক্রিন সেকশন
২. ডিসপ্লে সেকশন
৩. সিম কার্ড সেকশন
৪. নেটওয়ার্ক সেকশন
৫. মাইক্রোফোন ইন্টারফেস সেকশন
৬. স্পিকার বা রিংগার সেকশন
৭. ভাইব্রেটর সেকশন
৮. ব্যাটারি চার্জিং সেকশন
৯. পাওয়ার সেকশন
১০. ব্লুটুথ সেকশন
১১. এফএম রেডিও সেকশন
১২. মেমরি কার্ড সেকশন
১৩. ওয়াই-ফাই সেকশন

Made By
Jalal Ahmed Rayhan
Instructor (tech) Electronics
Baniachong Govt. Technical School & College
Baniachong, Habiganj

১২. স্মার্ট মোবাইল ফোনের বিভিন্ন কম্পোনেন্টের নাম লেখ।

স্মার্ট মোবাইল ফোনের বিভিন্ন কম্পোনেন্টের নাম নিম্নরূপ-

১. টাচ স্ক্রিন

২. সিপিইউ
৩. র‍্যাম
৪. রম
৫. ক্যামেরা
৬. কিপ্যাড
৭. ব্যাটারি
৮. ব্যাটারি চার্জার

৯. ডিসপ্লে
১০. সিম কার্ড সকেট
১১. মেমরি কার্ড সকেট
১২. স্পিকার

১৩. অ্যান্টেনা

১৪. মাইক্রোফোন

১৫. ভাইব্রেটর মোটর

১৬. ওয়াই-ফাই মডিউল

Made By
Jalal Ahmed Rayhan
Instructor (tech) Electronics
Baniachong Govt. Technical School & College
Baniachong, Habiganj

১৩. স্মার্ট মোবাইল ফোনের বিভিন্ন ব্লকের নাম লেখ।

স্মার্ট মোবাইল ফোনের বিভিন্ন ব্লকের নাম নিম্নরূপ-

১. প্রসেসর
২. র‍্যাম
৩. রম
৪. ক্যামেরা
৫. টাচ কিপ্যাড
৬. ব্যাটারি
৭. ডিসপ্লে
৮. মাইক্রোফোন
৯. সিম কার্ড সকেট
১০. মেমরি কার্ড সকেট
১১. স্পিকার
১২. পাওয়ার ইউনিট
১৩. চার্জিং ইউনিট
১৪. পাওয়ার অ্যামপ্লিফায়ার
১৫. ব্লুটুথ
১৬. GPS
১৭. USB

Made By
Jalal Ahmed Rayhan
Instructor (tech) Electronics
Baniachong Govt. Technical School & College
Baniachong, Habiganj

১৪. স্মার্ট মোবাইল ফোনের টাচ স্ক্রিনের কাজ লেখ।

স্মার্ট মোবাইল ফোনে LCD বা LED ডিসপ্লে এর উপর ক্যাপাসিটিভ টাচ স্ক্রিন ব্যবহার করা হয়। স্মার্ট মোবাইল ফোনের টাচ স্কিনের মাধ্যমে দ্রুত নম্বর ডায়াল করা ও বিভিন্ন অ্যাপ্লিকেশন ব্যবহার করা যায়।

১৫. স্মার্ট মোবাইল ফোনের ওয়াই-ফাই সেকশনের কাজ লেখ।

স্মার্ট মোবাইল ফোনে ওয়াই-ফাই ব্যবহার করার জন্য ওয়াই-ফাই পোর্ট রয়েছে। ওয়াই-ফাই পোর্ট স্মার্ট ফোনে রেডিও ওয়েব ব্যবহার করে ওয়্যারলেস ইন্টারনেট সংযোগ স্থাপন করে।

১৬. স্মার্ট মোবাইল ফোনের এলসিডি ডিসপ্লে সেকশনের কাজ লেখ।

ডিসপ্লে সেকশন এলসিডি ডাটা সিগন্যাল, এলসিডি রিসেট সিগন্যাল, এলসিডি লিখন-পঠন সিগন্যাল, এলসিডি আরডি সিগন্যাল ইত্যাদি সিগন্যালগুলো সিপিইউ এর মাধ্যমে এলসিডি মডিউলকে দেওয়া হয় এবং সকেতগুলো পাওয়ার জন্য এলসিডি সরাসরি সিপিইউ এর সাথে সংযুক্ত থাকে। সব ধরনের তথ্য প্রদর্শনের জন্য স্মার্ট মোবাইল ফোনে LCD, LED ও OLED ইত্যাদি ডিসপ্লে ব্যবহার করা হয়।

Made By
Jalal Ahmed Rayhan
Instructor (tech) Electronics
Baniachong Govt. Technical School & College
Baniachong, Habiganj

১৭. স্মার্ট মোবাইল ফোনের ব্লুটুথ সেকশনের কাজ কী

ব্লুটুথ অ্যান্টেনা, ব্লুটুথ আরএফ সিগন্যাল ফিল্টার, ব্লুটুথ ড্রাইভার আইসি ও সিগন্যাল সরবরাহ কম্পোনেন্টসমূহ ব্লুটুথ সেকশনে যুক্ত থাকে। ব্লুটুথ সেকশন নেটওয়ার্ক সেকশনের মতো কাজ করে। ব্লুটুথ এক প্রকার পারসোনাল এরিয়া নেটওয়ার্ক।

১৮. স্মার্ট মোবাইল ফোনের ফাংশন লেখ।

স্মার্ট মোবাইল ফোনের ফাংশনগুলো নিম্নরুপ-

১. অপারেটিং সিস্টেম

২. ওয়েব ব্রাউজিং

৩. সফটওয়্যার অ্যাপ্লিকেশন

৪. টাচ স্ক্রিন ইন্টারফেস

৫. ফাস্ট চার্জিং

৬. ওয়্যারলেস চার্জিং

Made By
Jalal Ahmed Rayhan
Instructor (tech) Electronics
Baniachong Govt. Technical School & College
Baniachong, Habiganj

১৯. স্মার্ট মোবাইল ফোনের ক্যামেরা সেকশন এর কাজ কী?

ভিডিও করা ও ছবি তোলার জন্য স্মার্ট মোবাইল ফোনে একাধিক মেগাপিক্সেল এর ক্যামেরা ব্যবহার করা হয়। স্মার্ট ফোনের ব্যকসাইডে ওয়াইড, আল্ট্রা ওয়াইড ও ম্যাক্রো ক্যামেরা ব্যবহার করা হয় যা ব্যাক ক্যামেরা নামে পরিচিত। ফ্রন্ট সাইডে এক বা একাধিক ক্যামেরা ব্যবহার করা হয় যা ফ্রন্ট ক্যামেরা নামে পরিচিত।

২০. স্মার্ট মোবাইল ফোনের ফ্লেক্স ক্যাবলের কাজ কী?

স্মার্ট মোবাইল ফোনের ফ্লেক্স ক্যাবলের কাজ হলো এলসিডি স্ক্রিন, ক্যামেরা ইত্যাদির জন্য ডাটা ও পাওয়ার স্থানান্তর করা।

Made By
Jalal Ahmed Rayhan
Instructor (tech) Electronics
Baniachong Govt. Technical School & College
Baniachong, Habiganj

রচনামূলক প্রশ্ন

২২. স্মার্ট মোবাইল ফোনের বিভিন্ন ব্লকের বর্ণনা করো।

স্মার্ট মোবাইল ফোনের বিভিন্ন ব্লকের বর্ণনা নিম্নরুপ-

১. প্রসেসর: স্মার্টফোন প্রসেসর চিপসেট নামে পরিচিত। প্রসেসর মূলত CPU বা Central Processing Unit ও GPU (Graphic Processing Unit এর সমন্বয়ে গঠিত। প্রসেসরকে স্মার্ট মোবাইল ফোনের প্রাণকেন্দ্র বলে। এটি সমস্ত ফাংশন নিয়ন্ত্রণ ও সমস্ত প্রসেসিং কাজ করে।

২. র‍্যাম: RAM অর্থ Random Access Memory; র‍্যামে তথ্য স্থায়ীভাবে সংরক্ষণ করা যায় না।

৩. রম: ROM অর্থ Read Only Memory; রমে তথ্য স্থায়ীভাবে সংরক্ষণ করা যায়।

৪. ক্যামেরা: মোবাইল ফোনে ডিডিও করা ও ছবি তোলার জন্য ক্যামেরা ব্যবহার করা হয়।

Made By
Jalal Ahmed Rayhan
Instructor (tech) Electronics
Baniachong Govt. Technical School & College
Baniachong, Habiganj

৫. টাচ কিপ্যাড: টাচ কিপ্যাড এর মাধ্যমে ফিজিক্যাল কিপ্যাডের মতো নম্বর ও পাঠ্য বার্তা টাইপ করা যায়।

৬. ব্যাটারি: মোবাইল ফোনে বিদ্যুৎ সরবরাহের একমাত্র উৎস ব্যাটারি।

৭. ডিসপ্লে: মোবাইল ফোনে সমস্ত তথ্য প্রদর্শন করতে ডিসপ্লে ব্যবহৃত হয়।

৮. মাইক্রোফোন: মোবাইল ফোনে কথা বলার সময় মাইক্রোফোন ভয়েস সিগন্যালকে সমতুল্য বৈদ্যুতিক সংকেতে রুপান্তর করে।

৯. সিম কার্ড সকেট: সিম কার্ড ব্যবহার ও সিম কার্ডের তথ্য সিপিইউতে প্রেরণের জন্য সিম কার্ড সকেট ব্যবহার করা হয়।

১০. মেমরি কার্ড সকেট: বাহ্যিক মেমরি মোবাইল ফোনে সংযুক্ত করার জন্য মেমোরি কার্ড সকেট ব্যবহার করা হয়।

১১. স্পিকার: মোবাইল ফোনে কথা বলার সময় শব্দ শুনতে ইয়ার স্পিকার ব্যবহৃত হয়।

১২. পাওয়ার ইউনিট: পাওয়ার ইউনিট মোবাইল ফোনের প্রতিটি অংশে পাওয়ার সরবরাহ করে।

১৩. চার্জিং ইউনিট: মোবাইল ফোন চার্জ করার কাজে চার্জিং ইউনিট ব্যবহৃত হয়।

১৪. পাওয়ার অ্যামপ্লিফায়ার: এক মোবাইল ফোন হতে অন্য মোবাইল ফোনে ডাটা আদান প্রদানের সময় বিবর্ধক হিসেবে কাজ করে।

১৫. ব্লুটুথ: ব্লুটুথ হলো তারবিহীন পারসোনাল এরিয়া নেটওয়ার্ক।

১৬. GPS: এর মাধ্যমে মোবাইল ফোন ব্যবহারকারীর লোকেশন জানা যায়।

১৭ USB: স্মার্ট মোবাইল ফোনে ডাটা আদান প্রদান ও ব্যাটারি চার্জ করতে USB ব্যবহার করা হয়।

Made By
Jalal Ahmed Rayhan
Instructor (tech) Electronics
Baniachong Govt. Technical School & College
Baniachong, Habiganj

২৩. স্মার্ট মোবাইল ফোনের বিভিন্ন সেকশনের কাজ বর্ণনা করো।
স্মার্ট মোবাইল ফোনের বিভিন্ন সেকশনের কাজ নিম্নরূপ-

১. টাচ স্ক্রিন সেকশন: স্মার্ট মোবাইল ফোনের টাচ স্কিনের মাধ্যমে দ্রুত নম্বর ডায়াল করা ও বিভিন্ন অ্যাপ্লিকেশন ব্যবহার করা যায়।

২. ডিসপ্লে সেকশন: সব ধরনের তথ্য প্রদর্শনের জন্য স্মার্ট মোবাইল ফোনে LCD, LED ও OLED ইত্যাদি ডিসপ্লে ব্যবহার করা হয়।

৩. সিম কার্ড সেকশন: স্মার্টফোনে সিমকার্ড সকেট ও মেমরি কার্ড সকেট একসাথে যুক্ত থাকে। একটি সকেটে একাধিক সিম কার্ড ও একটি মাইক্রো এসডি মেমরি কার্ড ব্যবহার করা যায়।

৪. নেটওয়ার্ক সেকশন: অ্যান্টেনা, Rx Band Pass Filter, Tx Band Pass Filter, FEM, আরএফ ক্রিস্টাল, আরএফ আইসি, সিপিইউ নেটওয়ার্ক সেকশনে যুক্ত থাকে। Rx চলাকালীন অ্যান্টেনায় প্রাপ্ত সিগনাল অ্যান্টেনা সুইচের মাধ্যমে FEM কে প্রদান করা হয় যেখানে যথাযথ ব্যান্ডের ফ্রিকোয়েন্সি নির্বাচন করে Rx Band Pass Filter এর মাধ্যমে আরএফ আইসিতে প্রেরণ করা হয়। Tx চলাকালীন আরএফ আইসি থেকে প্রাপ্ত সিগন্যালকে FEM কে প্রদান করা হয়। ব্যান্ড নির্বাচন প্রক্রিয়া শেষে অ্যান্টেনার মাধ্যমে সিগন্যাল পাস করা হয়।

Made By
Jalal Ahmed Rayhan
Instructor (tech) Electronics
Baniachong Govt. Technical School & College
Baniachong, Habiganj

৫. মাইক্রোফোন ইন্টারফেস সেকশন: মাইক্রোফোন ইন্টারফেস সেকশনটি বেশিরভাগ মোবাইল ফোনে সরাসরি সিপিইউ এর সাথে লাগানো সংযুক্ত থাকে।

৬. স্পিকার বা রিংগার সেকশন: স্মার্ট মোবাইল ফোনে কথা বলার সময় শব্দ শুনতে স্পিকার অডিও অ্যামপ্লিফায়ার আইসির সাথে সংযুক্ত থাকে।

৭. ভাইব্রেটর সেকশন: মোবাইল ফোনের ইনকামিং কল বা বার্তা কম্পনের মাধ্যমে মোবাইল ফোন ব্যবহারকারীকে জানানো হয়। এ কম্পনের জন্য ভাইব্রেটর ব্যবহার করা হয়।

Made By
Jalal Ahmed Rayhan
Instructor (tech) Electronics
Baniachong Govt. Technical School & College
Baniachong, Habiganj

৮. ব্যাটারি চার্জিং সেকশন: চার্জার ও সিস্টেম ইন্টারফেস সংযোগকারী বেশিরভাগ আধুনিক মোবাইল ফোন একসাথে তৈরি। ব্যাটারি চার্জিং সেকশনের জন্য কন্ট্রোল সেকশন পৃথকভাবে তৈরি করা হয়। কিছু মোবাইল ফোনে ব্যাটারি চার্জিং সেকশন পাওয়ার আইসি এর অভ্যন্তরে তৈরি করা হয়।

৯. পাওয়ার সেকশন: পাওয়ার আইসি, সিপিইউ, র‍্যাম, রম, আরএফ ব্লক, আরএফ ক্রিস্টাল, আরএফ আইএফ ইত্যাদি কম্পোনেন্ট পাওয়ার সেকশনে যুক্ত থাকে। পাওয়ার আইসিতে ব্যাটারি পজেটিভ সরবরাহ দেওয়া হয় এবং পাওয়ার অন করার জন্য ব্যাটারি হতে সিপিইউ, র‍্যাম, রম, আরএফ ব্লক, আরএফ আইসি সরবরাহ করা হয়। যার মাধ্যমে মোবাইল ফোনটি চালু হয়।

১০. ব্লুটুথ সেকশন: ব্লুটুথ অ্যান্টেনা, ব্লুটুথ আরএফ সিগন্যাল ফিল্টার, ব্লুটুথ ড্রাইভার আইসি ও সিগন্যাল সরবরাহ কম্পোনেন্টসমূহ ব্লুটুথ সেকশনে যুক্ত থাকে।

১১. এফএম রেডিও সেকশন: এফএম রেডিও ব্যবহার করার জন্য স্মার্ট মোবাইল ফোনে এফএম রেডিও যুক্ত থাকে।

১২. মেমরি কার্ড সেকশন: স্মার্ট মোবাইল ফোনে সিম কার্ড ও মেমরি কার্ড সকেট একসাথে সংযুক্ত থাকে। একটি সকেটে একাধিক সিম কার্ড ও একটি মাইক্রো এসডি মেমরি কার্ড ব্যবহার করার সুবিধা থাকে।

১৩. ওয়াই-ফাই সেকশন: ওয়াই-ফাই পোর্ট স্মার্ট ফোনে রেডিও ওয়েব ব্যবহার করে ওয়্যারলেস ইন্টারনেট সংযোগ স্থাপন করে।

Made By
Jalal Ahmed Rayhan
Instructor (tech) Electronics
Baniachong Govt. Technical School & College
Baniachong, Habiganj

১৪. ক্যামেরা সেকশন: ভিডিও করা ও ছবি তোলার জন্য স্মার্ট মোবাইল ফোনে একাধিক মেগাপিক্সেল এর ক্যামেরা ব্যবহার করা হয়।

২৪. স্মার্ট মোবাইল ফোনের বিভিন্ন কম্পোনেন্টের কাজ বর্ণনা করো।

স্মার্ট মোবাইল ফোনের বিভিন্ন কম্পোনেন্টের কাজ নিম্নরুপ-

১. টাচ স্ক্রিন স্মার্ট মোবাইল ফোনের টাচ স্ক্রিনের সাহায্যে নম্বর ডায়াল করা, কল করা, কল রিসিভ করা ও বিভিন্ন অ্যাপ্লিকেশন দ্রুত পরিচালনা করা যায়।

২. সিপিইউ: CPU বা Central Processing Unit কে মোবাইল ফোনের প্রাণকেন্দ্র বলে। এটি সমস্ত ফাংশন নিয়ন্ত্রণ ও সমস্ত প্রসেসিং কাজ করে।

৩. র‍্যাম: RAM অর্থ Random Access Memory; র‍্যামে তথ্য স্থায়ীভাবে সংরক্ষণ করা যায় না।

৪. রম: ROM অর্থ Read Only Memory; রমে তথ্য স্থায়ীভাবে সংরক্ষণ করা যায়।

৫. ক্যামেরা: স্মার্ট মোবাইল ফোনে ডিডিও করা ও ছবি তোলার জন্য ক্যামেরা ব্যবহার করা হয়।

Made By
Jalal Ahmed Rayhan
Instructor (tech) Electronics
Baniachong Govt. Technical School & College
Baniachong, Habiganj

৬. কিপ্যাড: কিপ্যাড নম্বর ডায়াল করা, কল করা, কল রিসিভ করা ও পাঠ্য বার্তা প্রেরণ করার কাজে ব্যবহৃত হয়।

৭. ব্যাটারি: স্মার্ট মোবাইল ফোনে বিদ্যুৎ সরবরাহের একমাত্র উৎস ব্যাটারি।

৮. ব্যাটারি চার্জার: স্মার্ট মোবাইল ফোন চার্জ করতে টাইপ বি বা সি চার্জার ব্যবহার করা হয়।

৯. ডিসপ্লে স্মার্ট মোবাইল ফোনে সব ধরনের তথ্য প্রদর্শন করতে LCD বা LED বা OLED ডিসপ্লে ব্যবহার করা হয়।

১০. সিম কার্ড সকেট: সিম কার্ড ব্যবহার ও সিম কার্ডের তথ্য সিপিইউতে প্রেরণের জন্য সিম কার্ড সকেট ব্যবহার করা হয়।

১১. মেমরি কার্ড সকেট: বাহ্যিক মেমরি মোবাইল ফোনে সংযুক্ত করার জন্য মেমোরি কার্ড সকেট ব্যবহার করা হয়।

১২. স্পিকার: মোবাইল ফোনে কথা বলার সময় শব্দ শুনতে ইয়ার স্পিকার ব্যবহৃত হয়।

Made By
Jalal Ahmed Rayhan
Instructor (tech) Electronics
Baniachong Govt. Technical School & College
Baniachong, Habiganj

১৩. অ্যান্টেনা: অ্যান্টেনা রেডিও ফ্রিকোয়েন্সি গ্রহণ ও প্রেরণ করতে ব্যবহৃত হয়।

১৪. মাইক্রোফোন: স্মার্ট মোবাইল ফোনে কথা বলার সময় মাইক্রোফোন ভয়েস সিগন্যালকে সমতুল্য বৈদ্যুতিক সংকেতে রুপান্তর করে।

১৫. ভাইব্রেটর মোটর: ভাইব্রেটর মোটর কম্পনের মাধ্যমে ইনকামিং কল বা বার্তা মোবাইল ফোন ব্যবহারকারীকে জানায়।

১৬. ওয়াই-ফাই মডিউল: স্মার্ট মোবাইল ফোনের ওয়াই-ফাই মডিউল এর মাধ্যমে ব্রন্ডব্যান্ড কানেকশন এর ওয়াই-ফাই সুবিধা পাওয়া যায়।

২৫. স্মার্ট মোবাইল ফোনের ত্রুটিসমূহ লেখ।

ফিচার মোবাইল ফোনের ত্রুটিসমূহ নিম্নরুপ-

১. ডিসপ্লে সেকশন ত্রুটি

- সাদা ডিসপ্লে
- ডিসপ্লে অন্ধকার
- ডিসপ্লে উজ্জ্বলতা কম
- লেখা বা ছবি উল্টো

২. চার্জিং সেকশন ত্রুটি

- চার্জার সংযোগ করলে নট চার্জিং প্রদর্শন করা
- চার্জার সংযোগ করলে চার্জিং সিম্বল প্রদর্শন করে কিন্তু চার্জ হয় না
- ফোন স্লো চার্জ হয়
- চার্জের সময় ফোন প্রচন্ড গরম হয়

৩. সিমকার্ড সেকশন ত্রুটি

- ইনসার্ট সিম কার্ড
-সিমকার্ড ঠিকমতো কাজ করে না

Made By
Jalal Ahmed Rayhan
Instructor (tech) Electronics
Baniachong Govt. Technical School & College
Baniachong, Habiganj

৪. নেটওয়ার্ক সেকশন ত্রুটি
- স্মার্টফোনের নেটওয়ার্ক কাজ করে না
-নেটওয়ার্ক কিছুক্ষণ থাকে কিছুক্ষণ থাকে না

৫. মেমোরি কার্ড সেকশন ত্রুটি
- ইনসার্ট মেমরি কার্ড
- মেমরি কার্ড ঠিকমতো কাজ করে না

৬. মাইক্রোফোন ইন্টারফেস সেকশন ত্রুটি
- মাইক্রোফোন কানেকশন কাজ করে না

৭. স্পিকার সেকশন ত্রুটি
- স্পিকার কাজ করে না
- স্পিকারে নয়েজ আসে

Made By
Jalal Ahmed Rayhan
Instructor (tech) Electronics
Baniachong Govt. Technical School & College
Baniachong, Habiganj